



শস্য ক্ষেত্রে টেষ্ট স্ট্রীপের সাহায্যে প্রদর্শনী

টিপস্ ও ফ্যাক্ট
সীট

কৃষকের শস্যক্ষেত্রের একটি ছোট অংশে প্রদর্শনীর জন্যে ‘টেস্ট স্ট্রীপ’ ব্যবহার করা হয়, যেখানে-

১. মূলত যে অংশে একটি বিশেষ চিকিৎসা প্রয়োগ করা হয়। যেমন, কীটনাশক প্রয়োগ করা, আগে স্প্রে করা থেকে বিরত থাকা বা অন্য কিছু ব্যবহার করা এবং
২. কৃষক জমির এই অংশটি অন্যান্য অংশ থেকে ভিন্ন রাখবেন।

কেন টেস্ট স্ট্রীপ রাখা দরকার?

কৃষকের বর্তমান পরিস্থিতিতেই শস্য ক্ষেত্রের জন্যে প্রয়োজনীয় চিকিৎসা দেয়া এবং সহজে পরিস্থিতি মূল্যায়ন করে ‘টেস্ট স্ট্রীপ’ পদ্ধতির প্রয়োগ করা সম্ভব।



প্রদর্শনী শস্য ক্ষেত্রে এমন একটি চিহ্ন দিন যাতে পার্থক্য বুঝা যায়

শস্য ক্ষেত্রে ‘টেস্ট স্ট্রীপ’ তৈরী করা।

নোট: শস্যক্ষেত্রে লম্বালম্বিভাবে ভাগ করে ‘টেস্ট স্ট্রীপ’ তৈরী করা হয়। এর ফলে প্রতিটি ভাগে কি পরিবর্তন হচ্ছে সেটি পর্যবেক্ষণ করা সহজ হয়। কৃষকেরা ইতিমধ্যে কি করেছে তার দিকে দৃষ্টিপাত করে।

১. প্রতিনিধিত্ব: যে অংশটি পরীক্ষা করা হচ্ছে সেটি বাকী শস্যক্ষেত্রের প্রতিনিধিত্ব করছে এ বিষয় নিশ্চিত হতে হবে। (এবং জেলার অন্যান্য শস্যক্ষেত্রেরও প্রতিনিধিত্ব করছে।)
২. বিশ্বাসযোগ্যতা: ৪ থেকে ৫ মিটার চওড়া একটি অংশ ‘টেস্ট স্ট্রীপ’ হিসাবে রাখা উচিত যাতে এর কার্যক্রম বিশ্বাসযোগ্য হয়।
৩. দৃশ্যমানতা: ‘টেস্ট স্ট্রীপ’ টি যাতে সহজেই দেখতে পাওয়া যায়। এটি রাস্তার পাশে হলে ভাল হয়। দর্শনাধীরা যাতে পরীক্ষামূলক অংশের সাথে শস্যক্ষেত্রের অন্যান্য অংশের তুলনা করতে পারে।
৪. সহযোগীতা: ‘টেস্ট স্ট্রীপ’ পরীক্ষাটি কৃষকের সাথে করা উচিত। এটি একটি নতুন পদ্ধতি এর প্রয়োগ গাছ রোপনের সময়ই শুরু হয়। অন্যান্য চিকিৎসা, যেমন, কীটনাশক পরবর্তীতে ব্যবহার করা হয়।
৫. ব্যবস্থাপনা: যে অংশটি প্রদর্শনীর জন্যে রাখা হয়েছে সেটি ছাড়া ‘টেস্ট স্ট্রীপ’ সহ শস্য ক্ষেত্রের বাকী সমস্ত অংশই কৃষক তার স্বাভাবিক নিয়মে ব্যবস্থাপনা করবে।
৬. প্রচারণা: কি ধরনের চিকিৎসা দেয়া হচ্ছে? এবং কার কাছে এ বিষয়ে আরও তথ্য পাওয়া যাবে? এ সমস্ত তথ্য দিয়ে একটি সাইন বোর্ড কৃষি ক্ষেত্রে স্থাপন করা।

টেস্ট স্ট্রীপের সীমাবদ্ধতা:

১. শস্যের একটি মাত্র প্রতিবেদকের প্রতিক্রিয়া কি সে বিষয়ে ‘টেস্ট স্ট্রীপ’ কার্যকর।
২. যদি পরীক্ষার জন্যে নির্বাচিত অংশটি শস্য ক্ষেত্রের অন্য অংশ বা স্থানীয় অন্যান্য শস্য ক্ষেত্রের সাথে সামঞ্জস্যপূর্ণ না হয় তাহলে শস্য ক্ষেত্রের চিকিৎসার বিষয়ে গৃহিত সিদ্ধান্ত ভুল হয়।



Originally prepared by Mark Bell, 2013

Translated by Md. Nurul Alam Siddique, February, 2014

Copyright © BIID, 2014. All Rights Reserved.

Modified and used with permission by the USAID/MEAS Project.

For more information visit: <http://ip.ucdavis.edu>

